3000Rs.




৫০, ০০০, টাকার বিক্রয় সাফ কোবালা বিক্রীত জমি
৬ কাঠা ১০ ছটাক, মৌজা পারবাংলা, থানা মহেশতলা।

---

কোবালা গ্রহীতা :- শ্রী বেনু লাল টকাল পিতা মৃত পাঁচু গোপাল টকাল, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং পারবাংলা, থানা মহেশতলা, জেলা দক্ষিন ২৪ পরগনা।

---

কোবালা দাতা :- শ্রীমত্যা বিমলা রানী দত্ত(মালাকার) স্বামী মৃত বিন্দু দত্ত(মালাকার), জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং পারবাংলা, থানা মহেশতলা, জেলা দক্ষিন ২৪ পরগনা।

---

22309

Sri Binu Lal Tikor
Parbangla P.S. Maheshtola
Dt. 24 Pgs (S)

15. 3 93.

3000

2000

500

200

100

Bimala Rani Dutta Malakar

18/3/93

বিমলা রানী দত্ত মালাকার
বং শ্রী শম্ভু দত্ত মালাকার

Bimala Rani Dutta Malakar
W/O Late Bindu Dutta Malakar
Parbangla
Maheshtola 24 Pgs (S)
Hindu Housewife

7123

বিমলা রানী দত্ত মালাকার
বং শ্রী শম্ভু দত্ত মালাকার

Sambhu Dutta Malakar
Mani Mohan Dutta Malakar
the same place

Business

শ্রী শম্ভু দত্ত মালাকার
পিতা শ্রী মণি মোহন দত্ত মালাকার
সাং পারবাংলা
থানা মহেশতলা
ব্যবসা

18/3/93

[illegible]

2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु.

Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

॥ ২ ॥

অন্য হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের খেরাজী জমি জমা রকম ডাঙ্গা জমি মায় জমি হইতে যাতায়তের কমন প্যাসেজের সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হক্ক হকুক নিঃস্বত্বে বিক্রয় সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে।

জেলা দক্ষিণ ২৪ পরগনা থানা মহেশতলা এ্যাডিশন্যাল ডিষ্ট্রীক্ট সাব - রেজিষ্ট্রী অফিস বেহালা অধীন পরগনা বালিয়া ৩৪৩ নং তৌজি ভুক্ত জে: এল: নং ৩১, রে:সা:নং ৪৪, মৌজা পারবাংলা গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্টের ১৩৬ নং খতিয়ান ভুক্ত ২৬৪ নং দাগের বাগান হাল বাস্ত ৩৬ শতক জমি সহ আরও সম্পত্তি অধুনা মৃত সুধীর দত্ত(মালাকার) ম এর স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে।

500Rs.






উক্ত সুধীর দত্ত (মালাকার) পরলোক গমন করিলে পর তাহার ত্যাক্ত যাবতীয় সম্পত্তি তাহার তিন পুত্র উমাপদ দত্ত(মালাকার), মনি মোহন দত্ত(মালাকার) ও স্বামী অধুনা মৃত বিন্দু দত্ত(মালাকার) প্রাপ্ত হয়েন। উক্ত মৃত বিন্দু দত্ত (মালাকার) নিঃসন্তান অবস্থায় পরলোক গমন করিলে পর তাহার ত্যাক্ত যাবতীয় সম্পত্তি আমি এই কোবালা দাত্রী তাহার একমাত্র ওয়ারিশ সুত্রে পত্নি বিধায় প্রাপ্ত হইয়া নিজ নামে ষোল আনা রকমে চাষ আবাদের দ্বারা ভোগবতী ও দখলীকারিনী থাকা অবস্থায় আমার অপর শরীকগনের সহিত আপোষ সাব্যস্ত মতে গত ইংরাজী ২১।৭।৭৭ তারিখে বেহালা সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ইংরাজী ১৯৭৭ সালের

তিক

200Rs






১ নং বহি ১০৭৭ নং আপোষ বিভাগ বন্টন নামা দলিল মূলে xx বিভাগ বন্টন করিয়া লই। উক্ত বিভাগ বন্টন নামা দলিলের "গ" তপশীলে বর্ণিত সম্পত্তি আমি একাকী ষোল আনা রকমে প্রাপ্ত হইয়া নিজ নামে ষোল আনা রকমে ভোগবতী ও দখলীকারিনী আছি। উক্ত সম্পত্তি আমার নিজ নামে কৃ: ৬৪৩ নং খতিয়ানে রেকর্ড হইয়াছে।

এক্ষনে আমার সুবিধামত অন্য সম্পত্তি খরিদ করিবার জন্য ও নানা বিধ বেং ও অন্যান্য কারনে নগদ টাকার বিশেষ প্রয়োজনে উক্ত সম্পত্তি xx মধ্যে নিম্ন তপশীলে বিশেষ বর্ণিত ও অত্র দলিলের সহিত সংযুক্ত প্লানে লাল রং এর রেখার দ্বারা বেষ্টিত পৃথক চিহ্নিত ৬ ছয় কাঠা ১০ দশ ছটাকা বা কমবেশ ১১ এগার শতক

100Rs






ভূমি বর্তমান সময়ের বাজার উচিৎ মূল্য মবলগ ৫০,০০০ পঞ্চাশ হাজার টাকা মূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র সাফ বিক্রয় কোবালা গ্রহীতা আমার ঘোষণা অবগত হইয়া খরিদ করিতে ইচ্ছুক হইলে আমি আপনার নিকট হইতে উক্ত পনের সমস্ত টাকা নগদ xxxx গ্রহনে উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি আপনাকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব হইলাম ও বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল বুঝাইয়া দিলাম। আর অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব দখল সংস্রব হক অধিকার ছিল বা আছে তাহা অদ্য হইতে আমা হইতে লোপ ও ধ্বংশ হইয়া আপনাতে বর্তাইল ও অর্শাইল। আপনি অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় নিব্যূঢ় স্বত্ব স্বত্ববান ও দান বিক্রয়

॥ ৬ ॥

বন্ধক প্রভৃতি সকল প্রকার হস্তান্তর আদির মালিক হইয়া যে কোন সরকারে বহতা নাম খারিজ করতঃ নিজ নাম গঠন পূর্ব্বক ধার্য্যকৃত হারহারী খাজনা আদায় দিয়া পুত্র পৌত্রাদি যায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নিরাপদে ভোগ দখল করিতে রহুন, তাহাতে কস্মিনকালে আমি যায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না যদি করি বা করে তাহা সর্ব্বত্র ও সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আর প্রকাশ থাকে যে, অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তর আদি করি নাই বা করা নাই বা উহাতে আমার ছাড়া আর কাহারও কোন অংশ নাই বা উহা কোন প্রকার দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ডিক্রী জারিতে ক্রোকে বা জামিনে আবদ্ধ নাই বা উহা কোন প্রকার মামলা মোকদ্দমার বিষয় ভূত সম্পত্তি নহে বা উহাতে কোন প্রকার মামলা মোকদ্দমা দায়ের নাই বা উহা কোন প্রকার ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশান প্রসিডিং ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন প্রকার দেবত্তর বা পীরত্তর সম্পত্তি নহে। সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও খোলসা অবস্থায় আমার খাস দখলীয় সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দায় সংযোগ বা হস্তান্তর আদি প্রকাশ পাইয়া আপনার খরিদা সুত্ব দখলে কোন রূপ বিঘ্ন বা ক্ষতি হয় তাহা হইলে উক্ত বিঘ্ন জনিত ক্ষতি পূরন করিতে আমি যায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য রহিলাম ও রহিল।

॥ ৭ ॥

আরও প্রকাশ থাকে যে, যদি ভদি অত্র কোবালা দলিলের কোন অংশ ভ্রমাত্মক বলিয়া প্রকাশ পাইয়া কোন প্রকার সংশোধন দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিবার প্রয়োজন বা কোন স্থানে সাক্ষ্য দিবার প্রয়োজন হয় তাহা হইলে আপনার তলব মত আপনার খরচায় তাহা করিয়া দিতে বা দিতে আমি যায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য রহিলাম ও রহিল এবং আইন মাফিক আমলে আসিব ও আসিবে।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বইচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দলিলের লিখিত পনের সমস্ত টাকা নগদ রোক বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্বে বিক্রয় সাফ কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৩৭৭ সাল

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় :-

---

জেলা দক্ষিণ ২৪ পরগনা থানা মহেশতলা এ্যাডিসন্যাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস বেহালা অধিন পরগনা বালিয়া ৩৪৩ নং তৌজি ভুক্ত জেঃএলঃনং ৪১, রেঃসাঃনং ৪৪, মৌজা পারবাংলা গ্রামে হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের খেরাজী ১৩৬ নং খতিয়ান ভুক্ত ৩৬ শতক জমির বাত বার্ষিক খাজনা ৩.৫৩ পয়সা জমা মালিকান পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগনার কালেক্টার বাহাদুর আলিপুর সরকারে আদায় দিতে হয়। উক্ত জমি জমার মধ্যে বর্ত্তমানে এল, আর, খঃ ৬৪৩ নং খতিয়ান ভুক্ত ২৬৪ দুই শত চৌষট্টি নং দাগের ডাঙ্গা ৩৬ শতক জমির মধ্যে অত্র দলিলের সহিত

বিমলা বালা দত্ত মালাকার
বঃ শ্রী... দত্ত মালাকার



সংযুক্ত প্লানে লাল রং এর রেখার দ্বারা বেষ্টিত পৃথক চিহ্নিত ৬ ছয় কাঠা ১০ দশ ছটাক বা কমবেশ ১১ এগার শতক জমির কাত বার্ষিক খাজনা হারহারী মতে ১.৯৮ পয়সা জমা হইতেছে। উক্ত জমি জমা যায় জমি হইতে বজ বজ রোড পর্য্যন্ত যাতায়াতের ৬'ফুট ও ৪'ফুট চওড়া কমন ~~xxx~~ প্যাসেজের সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি মাত্র।

**চৌহদ্দী :-**

উত্তর :- ২৬৩ নং দাগের জমি।

দক্ষিণ :- ৬'ফুট চওড়া কমন প্যাসেজ তৎপরে উমাপদ দত্ত(মালাকার)

পূর্ব :- রেখা টকান।

পশ্চিম ২৬৭ নং দাগের জমি।

**জায় টাকা :-**

নোট ও নগদে ৫০,০০০ পঞ্চাশ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

বিমলা দত্ত মালাকার
বঃ শ্রী... দত্ত মালাকার

মুসাবিদা কারক :-

ইসাদী :-

টাইপ কারক :-
Sk. Jahangir Ali
এ ডি, এস, আর, অফিস
বেহালা ; কলিকাতা - ৩৪।

Sk. Jahangir Ali
Baksampur

2833
22-8-00

জিলা দঃ ২৪ পরগনা
থানা মহেশতলা

মৌজা পাঁচবাগান
জে. এল. নং ৪২

খতিয়ান নং ১৪১৭

| রায়তের নাম ও ঠিকানা | স্বত্বের বিশেষ অনুসঙ্গ | রাজস্ব | সেস | | |
|---|---|---|---|---|---|
| | | | পথ | পূর্ত | শিক্ষা |
| ১ | ২ | ৩ | ৪ক | ৪খ | ৪গ |
| দঃ<br>রেণু লাল নস্কর চাঁড়াল<br>পিং - পাঁচু গোপাল<br>সাং - পাঁচবাগান<br>থানা - মহেশতলা | রাংত<br>১০,০০০ | | Attested<br>Self Eligible<br>RO<br>01/6.8.2000 | | |

জমির বিবরণ

| দাগ নং | জমির শ্রেণী | মন্তব্য | দাগের মোট পরিমাণ | | দাগের মধ্যে অত্র স্বত্বের অংশ | দাগের মধ্যে অত্র স্বত্বের অংশের জমির পরিমাণ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এঃ | শঃ | | এঃ | শঃ | হেক্টর | এয়র |
| ৫ | ৬ | ৭ | ৮ক | ৮খ | ৯ | ১০ক | ১০খ | ১০গ | ১০ঘ |
| ২৬৪ | ডাঙ্গা | মঃ (১) ভূমিদাতার নাম<br>Copied by<br>[illegible]<br>25.4.2001<br>[illegible]<br>24.4.01 | | ৩৩ | ৩০৩৩ | - | ১১ | | |
| মোট দাগ | | জমির মোট পরিমাণ | | | | | ১১ | | |

50 P. COURT FEE ৫০ পৈ.
भारत INDIA
৫০ পৈসে 50 PAISE

| খতিয়ান নং | | জমির বিবরণ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| দাগ নং | জমির শ্রেণী | মন্তব্য | দাগের মোট পরিমাণ | | দাগের মধ্যে স্বত্বের অংশ | দাগের মধ্যে অত্র স্বত্বের অংশের জমির পরিমাণ | | | |
| | | | | | | এঃ | শঃ | হেক্টর | এয়র |
| ৫ | ৬ | ৭ | ৮ক | ৮খ | ৯ | ১০ক | ১০খ | ১০গ | ১০ঘ |
| | | | | | | | | ৫ ৩ | ৩. ৫০ |

Framed and ... Sub-sec. (2) of Section ... W.B. Act ... Sub-section (2) of Section ...

| মোট দাগ | | জমির মোট পরিমাণ | |
|---|---|---|---|
| পূর্ব্ব পৃষ্ঠার মোট দাগ | | পূর্ব্ব পৃষ্ঠার জমির মোট পরিমাণ | |
| সর্ব্ব মোট দাগ | | জমির সর্ব্ব মোট পরিমাণ | |